

দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানের জন্য জন্ম রিপোর্ট নির্দেশনা

অনলাইন ডেক্স

প্রকাশিত: ১৭:৩৭, ১৪ জুলাই ২০২৫



ছবি: সংগৃহীত

×

দেশের সব সরকারি ও বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানকে আগামী ৩১ জুলাইয়ের মধ্যে নিজস্ব ওয়েবসাইট তৈরি ও হালনাগাদ করার নির্দেশ দিয়েছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি)।

সোমবার (১৪ জুলাই) অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ড. মুহাম্মদ আজাদ খান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ নির্দেশনা দেওয়া হয়।

×

বিজ্ঞপ্তিতে বলা হয়, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী জাতীয়
তথ্য বাতায়নের ([www.bangladesh.gov.bd]
(<http://www.bangladesh.gov.bd>)) আওতায় থাকা সরকারি
প্রতিষ্ঠানগুলোর মধ্যে যেসব শিক্ষাপ্রতিষ্ঠানের ওয়েবসাইট নেই অথবা
হালনাগাদ নয়, সেগুলোকে সরকারি ব্যয় সংকোচনের স্বার্থে স্বতন্ত্র
ওয়েবসাইট তৈরি করতে হবে।

ওয়েবসাইটে যেসব তথ্য অন্তর্ভুক্ত ও হালনাগাদ রাখতে বলা হয়েছে,
তার মধ্যে রয়েছে—

- * প্রতিষ্ঠানের পরিচিতি
- * পাঠদানের অনুমতি ও স্বীকৃতি
- * শ্রেণি ও লিঙ্গভিত্তিক শিক্ষার্থীর পরিসংখ্যান
- * অনুমোদিত শাখার তথ্য
- * শিক্ষক ও শিক্ষিকার নামসহ পূর্ণাঙ্গ ক্লাস রুটিন ও পাঠ্যসূচি
- * গুরুত্বপূর্ণ নোটিশ
- * এমপিও সংক্রান্ত তথ্য
- * প্রতিষ্ঠানের যোগাযোগের ঠিকানা ও ফোন/মোবাইল নম্বর
- * তথ্য সেবা কেন্দ্র ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তার ঠিকানা ও নম্বর
- * প্রধান শিক্ষকসহ সব শিক্ষক-কর্মচারীর তথ্য
- * ব্যবস্থাপনা কমিটির বিস্তারিত

সবশেষে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, ওয়েবসাইট হালনাগাদের কাজ
সম্পন্ন করে তা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অ্যাডুকেশন
ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (EMIS) মডিউলে
আপলোড করতে হবে।